# নিবেদিতা শিশু তীৰ্থ

স্থাপিত : ১৯৯০



# প্রাক কথা

## আমাদের যাত্রা

১৯৯০ সালের ১৪ এপ্রিল ভারতের প্রথম মহিলা উপাচার্য ড. রমা চৌধুরী কর্তৃক উদ্বোধিত। এই প্রতিষ্ঠানের শিক্ষার মাধ্যম বাংলা। দ্বিতীয় ভাষা ইংরেজিও যুগের প্রয়োজনে যথেষ্ট গুরুত্ব পেতে থাকে। শিক্ষাবর্ষ শুরু হয় প্রতি বছর জানুয়ারি মাসে।

## আমাদের লক্ষ্য

মানুষের চিরন্তন আকাঙ্খা, তমসা থেকে আলোর পথে উত্তরণ। সঠিক শিক্ষাই হল সেই আলোকিত যাত্রাপথ। আমরা সঞ্চারিত করতে চাই শিক্ষার সেই আলোক শিখা, সহজ সত্যের জ্যোতিতে যা মুছিয়ে দেবে অন্তরের অন্ধকারকে।

## আমাদের স্বপ্ন ও সার্থকতা

নিবেদিতা শিশু তীর্থ শুধু মাত্র একটি শিক্ষা প্রতিষ্ঠান নয়, বিগত বছরগুলির যাত্রাপথে পায়ে পায়ে এগিয়ে চলার ইতিহাসে এই প্রতিষ্ঠান প্রতিনিয়ত রচনা করে চলেছে স্বপ্ন ও স্বপ্ন পূরণের রূপকথা। নিবেদিতা শিশু তীর্থের মূল লক্ষ্য শিশুর মানসিক, বৌদ্ধিক ও নৈতিক চরিত্রের যথাযথ বিকাশ ঘটানো। শিশুদের স্বার্থে আমরা শিক্ষাব্যবস্থাকে কোনও প্রচলিত শিক্ষা পদ্ধতির মধ্যে সীমাবদ্ধ রাখিনি। শ্রী রামকৃষ্ণ - স্বামীজীর আদর্শ উদ্ভাসিত পথে, গান্ধিজী - রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষা ভাবনায় সুনীতি, লোকমাতা নিবেদিতার প্রাচ্য - পাশ্চাত্যের মেলবন্ধনের কর্মময় প্রচেষ্টা রচনা করেছে আমাদের শিক্ষা সন্ধানের পাঠক্রম। শুধু স্বশিক্ষণের শিক্ষা নয়, শেখবার শিক্ষায় উৎসাহিত করতে চাই শিশুদের। খুঁজে দিতে সাহায্য করি সকল শিশুর সুপ্ত প্রতিভার গুপ্ত চাবির ঠিকানা সন্ধান।

## যাঁদের চরণ চিহ্নে আমরা ধন্য

পথ চলার সূচনায় আমরা পাথেয় হিসাবে পেয়েছি বহু গুণীজনদে শুভেচ্ছা। যাঁদের আশিস ধন্য আমাদের এই হৃদয়তীর্থে নানা উপলক্ষ্যে যাঁরা রেখে গেছেন স্মরণীয় উপস্থিতি তাঁদের অন্যতম -

ভারতের প্রথম মহিলা উপাচার্য ডঃ রমা চৌধুরী, শ্রীরামকৃষ্ণ সারদা মিশনের শ্রদ্ধেয়া মাতাজী শুদ্ধাপ্রাণা, মাতাজী দেবাত্মাপ্রাণা, মাতাজী ভাস্বরপ্রাণা, মাতাজী সদ্ভাবপ্রাণা, রহড়া রামকৃষ্ণ মিশনের প্রাক্তন অধ্যক্ষ শ্রদ্ধেয় স্বামী দিব্যানন্দ মহারাজ, বাগবাজার সিস্টার নিবেদিতা গার্লসের মাতাজী স্বরূপাপ্রাণা, সাহিত্যিক সঞ্জীব চট্টোপাধ্যায়, সংগীত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়, প্রয়াত বিজ্ঞানী ডঃ পবিত্র সরকার, শিশুসাহিত্যিক শ্রীমতী সুনেত্রা ঘটক, বিশিষ্ট কবি শ্রী ভবানীপ্রসাদ মজুমদার, শিশুসাহিত্যিক শ্রী শৈলেন ঘোষ, বিশিষ্ট আবৃত্তিকার ও সংবাদ পাঠক শ্রীদেবদুলাল বন্দোপাধ্যায়, বিশ্বশ্রী মনোহর আইচ, ফুটবলার শ্রী ভাস্কর গাঙ্গুলী, শ্রী প্রসূন বন্দোপাধ্যায়, শ্রী গৌতম সরকার, শ্রীমতী সুজাতা কর, ক্রিকেটার এবং কোচ শ্রী সাগরময় সেনশর্মা, অ্যাথলিট শ্রী বাদল সরকার, সাঁতারু মহঃ মাসদুররহমান বৈদ্য, সাহিত্যোক নারায়ণ দেবনাথ প্রমুখ।

এমন বহু বিশিষ্টজনের আশীর্বাদী ও উপদেশ আমাদের আগামীর আত্মবিশ্বাস। নিবেদিতা শিশু তীর্থের অন্যতম অঙ্গ রামকৃষ্ণ শিশু গ্রন্থাগার। সাহিত্যিক শ্রী সঞ্জীব চট্টোপাধ্যায়ের উপস্থিতিতে উদ্বোধন হয়েছিল যে গ্রন্থাগারের, তা এখন শিশু মনের নানা ইচ্ছা - আশা - উৎসাহের অক্ষরে, উপহারে সজ্জিত।

নিবেদিতা শিশু তীর্থের প্রার্থনা সভায় রয়েছে বিচিত্র বিষয়ের আলোকপাত। প্রচলিত বিষয়ের বাইরে শিশুমনে রকমফেরের রঙ আনতে এখানে নাচ - গান - আবৃত্তির মত সহ পাঠক্রমিক বিষয়ের বৈচিত্র আছে। নিবেদিতা শিশু তীর্থে পাঠরত শিশুদের শারীরিক সুস্থতা ও সজীবতা বজায় রাখার জন্য আছে ব্রতচারী ও যোগাসন অনুশীলনের ব্যবস্থা। শিশুদের পরিবেশ সচেতন করে তোলার জন্য তাদের যুক্ত করা হয় নেচার ক্লাবে। সাংস্কৃতিক বিভাগের নানা ক্ষেত্রে আমাদের শিশুদের স্বতঃস্ফূর্ত অগ্রগতি আনন্দিত করে আমাদের।

নিবেদিতা শিশু তীর্থ বাংলা মাধ্যমে পাঠদান করলেও ইংরেজি ভাষার উপর রয়েছে গুরুত্ব। রয়েছে স্পোকেন ইংলিশ - এর পাঠ। সহজভাবে খেলাচ্ছলে শিশুদের প্রযুক্তি বিদ্যার হাতেখড়িও করিয়ে দেওয়া হয় কম্পিউটার শেখানোর মধ্যে দিয়ে। শিশু বিকাশের মূল্যায়ন সহায়ক পরীক্ষা পদ্ধতি ও শিশু সমীক্ষার মধ্যে দিয়ে আমরা প্রতিটি শিশুর মানসিক ও বৌদ্ধিক বিকাশের রূপরেখা তৈরী করি ও তাকে এগিয়ে যাবার পথে সাহায্য করি বন্ধুর মত। নাটকের মত প্রয়োগ মূলক শিক্ষায় শিশুদের আগ্রহ অত্যাধিক।

সেকথা মাথায় রেখে আমরা শিশুদের নাটক অভিনয়ে আগ্রহী করে তোলবার চেষ্টা করি। চারিদিকের স্বার্থমগ্ন পরিবেশ থেকে শিশুমনকে মুক্তি দিতে আমরা বিদ্যালয়ের পরিকাঠামোর মধ্যে মমতামাখা পারিবারিক বন্ধনে আবদ্ধ করতে চেয়েছি সকলকে। তাই এই শিশুতীর্থের মাঝে শিক্ষক - শিক্ষিকার গাম্ভীর্য নয়, স্নেহ - প্রীতির সম্বোধনের আড়ালে শিশু খুঁজে পায় দ্বিতীয় পরিবারের পরিজনদের। শিশুদের ক্লান্তিকর পাঠের একঘেয়েমি থেকে ছুটি দিতে আমাদের এই শিশুতীর্থে রয়েছে খুশি - খেলার নানান উপকরণ। রয়েছে বার্ষিক আনন্দমেলা। আর আছে আনন্দের চাঁদেরহাট শিশু উৎসব, যেখানে বইয়ের মলাটের বাইরে অবকাশের খোলা আকাশ শিশুদের পৌঁছে দেয় রূপকথার দেশে।

## আ মা দে র  প্রা ক্ত নী রা

সুদীর্ঘ সময়ের পথ চলার অভিজ্ঞতা, সাহস, শ্রম, স্বপ্ন-শৈশবের সংলাপ ও সখ্যতার সুরে মুখর নিবেদিতা শিশু তীর্থ কে পৌঁছে দিয়েছে এক স্বতন্ত্র উচ্চতায়। যার প্রতিটি সোপান তৈরী করেছে এই শিশু তীর্থের সাফল্যের প্রত্যয় ও দৃঢ়তা। আমাদের প্রাক্তন শিক্ষার্থীরা
নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন, পাঠভবন (শান্তিনিকেতন),
পুরুলিয়া রামকৃষ্ণ মিশন, রহড়া রামকৃষ্ণ মিশন, রামকৃষ্ণ
বিবেকানন্দ মিশন (ব্যারাকপুর), মিত্র ইনস্টিটিউট,
সিস্টার নিবেদিতা গার্লস (বাগবাজার), বারাসাত রাষ্ট্রীয় উচ্চ বিদ্যালয়,
সেন্টজেভিয়ার্স কলেজিয়েট হাই স্কুল, কিশোর ভারতী (দমদম),
বারাসাত কালীকৃষ্ণ গার্লস স্কুল, যাদবপুর বিদ্যাপীঠ,
দিল্লি পাবলিক স্কুল, টাকী রামকৃষ্ণ মিশন,
আল আমিন মিশন (হাওড়া) - এমন প্রতিষ্ঠিত শিক্ষালয়ে
প্রমাণ করেছে তাদের শ্রেষ্ঠত্ব। নিবেদিতা শিশু তীর্থের
ভবিষ্যৎ শিক্ষার্থীদের সাফল্যর
জয়যাত্রাই আলোকিত করুক
আমাদের আগামীর যাত্রাপথ



# ভ র্তি  নি য়ে  কি ছু  ক থা

নির্দিষ্ট আসন সংখ্যার
ভিত্তিতে মূলত শিশু শ্রেণিতে
(৩ থেকে ৪ বছরের মধ্যে) এবং যদি আসন শূন্য থাকে
তাহলে অন্যান্য শ্রেণিতে ছাত্র / ছাত্রী ভর্তি করা হয়। কোন্ কোন্ শ্রেণিতে আসন শূন্য আছে তা ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিতে জানানো হয়। সাধারণত ২৮ অক্টোবর থেকে ভর্তির আবেদন পত্র পাওয়া যায়। ভর্তির সময় শিক্ষার্থীর মা, বাবা অভিভাবক এর উপস্থিতি একান্ত কাম্য।

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে
ভর্তি না হলে নির্বাচিত পরবর্তী শিক্ষার্থীকে (ক্রমানুসারে) সেই স্থানে
ভর্তির অগ্রাধিকার দেওয়া হয়।

প্রতি মাসের ইংরেজি ৬ থেকে ২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট
মাসের অগ্রিম অনুদান জমা দিতে হয়।
বিদ্যালয়ের সময় সকাল
১০টা ১৫ মিঃ থেকে২ টো ৩০মিঃ / ৩টে ১৫মিঃ পর্যন্ত।
নির্দিষ্ট সময়ের পর বিদ্যালয়ের প্রবেশদ্বার বন্ধ হয়ে যায়।
কার্যালয়ে দেখা করার সময়
১০টা থেকে ১১টা এবং বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত।
ভর্তির আবেদন পত্রের সঙ্গে
শিশুর তিনটি ছবি (১.১৫"/১"সাইজের), একটি ছবি আবেদন পত্রে,
একটি ছবি নির্বাচনী মূল্যায়নের প্রবেশপত্রে এবং
একটি ছবি আবেদন পত্রের সঙ্গে খামে ভরে দিতে হবে।
এছাড়াও ইমুনাইজেসান কার্ডের নকল, জন্ম প্রমাণ পত্রের নকল
এবং শিশুর শারীরিক ব্যাবস্থা পত্র (*Medical Report*)
সহ জমা দিতে হবে।

**নিবেদিতা শিশুতীর্থে ভবিষ্যৎ শিক্ষার্থীদের সাফল্যের
জয়যাত্রাই আলোকিত করুক আমাদের আগামীর পথ চলা**






# WE HAVE A DREAM



গোবরডাঙা স্টেশন রোড, খাঁটুরা, উত্তর ২৪ পরগনা
দূরভাষ - ০৩২১৬ - ২১১১৫৭ / ৯৯৩২১২৫৫১৯ / e-mail - nstgob@gmail.com